

জবিতে বাইরের উপাচার্য মেনে নেবে না শিক্ষার্থীরা

জবি প্রতিনিধি

২৭ আগস্ট,
২০২৪ ১৬:৩৪

শেয়ার

অ +

অ -



ভিসি নিয়োগের দাবিতে বিক্ষোভ করছেন জবি শিক্ষার্থীরা। ছবি : কালের কণ্ঠ

জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে উপাচার্য নিয়োগের দাবিতে মানববন্ধন কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা। মঙ্গলবার (২৭ আগস্ট) দুপুর ২টায় বিশ্ববিদ্যালয়ের শহীদ মিনার প্রাঙ্গণে এই কর্মসূচি পালন করেন তারা।

অতীতে যোগ্যতার দোহাই দিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে নিয়োগ দেওয়া উপাচার্যরা বিশ্ববিদ্যালয়কে শাসনের নামে শোষণ করেছেন বলে অভিযোগ করে শিক্ষার্থীরা বলেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে থেকে যোগ্য ও শিক্ষার্থীবান্ধব একজনকে উপাচার্য নিয়োগ দিতে হবে। জবির বাইরে থেকে কাউকে ভিসি নিয়োগ দেওয়া হলে বিশ্ববিদ্যালয়ের গেটে তালা লাগিয়ে দেওয়া হবে।

মানববন্ধনে ইসলামিক স্টাডিজ বিভাগের শিক্ষার্থী নূর নবী বলেন, ‘বিগত দিনগুলোতে দেখেছি, বাইরে থেকে যারা ভিসি হিসেবে এসেছিলেন তারা সবাই জগন্নাথ বিশ্ববিদ্যালয়কে শোষণ করেছেন। বাইরে থেকে অনেক যোগ্যতাসম্পন্ন ভিসির বিষয়ে শুনেছি। কিন্তু আমরা তাদের ভিসি হিসেবে চাই না। অতীতে এমন যোগ্যতাসম্পন্ন ভিসিরা এসে বিভিন্ন দুর্নীতি করেছেন।

,

তিনি আৰো বলেন, ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় থেকে যোগ্য ও শিক্ষাৰ্থীবান্ধব ভিসি নিয়োগ দিতে হবে। যারা শিক্ষাৰ্থীদের কঠিন সময় শিক্ষাৰ্থীদের দাবিতে সমৰ্থন জানিয়েছেন, শিক্ষাৰ্থীদের পাশে থাকার চেষ্টা করেছেন, তাদের ভিসি হিসেবে চাই। বাইরে থেকে ভিসি নিয়োগ দিলে তাকে বিশ্ববিদ্যালয়ে প্রবেশ করতে দেব না, গেটে তালা দেওয়া হবে।’